দৈনিক সংবাদ

তারিখ ...
পৃষ্ঠা ৬ কলাম ৪

NOV. 09 2002

### অছাত্র ও ব্যবসায়ীরা মূল নেতৃত্বে

# ছাত্রদলের নেতা-কর্মীদের একটি বড় অংশ দলীয় কর্মকাণ্ড থেকে বিরত

**রাজশাহী থেকে নিজস্ব বার্তা পরিবেশক ঃ** অছাত্র ও ব্যবসায়ীদের মূল নেতৃত্বে এনে রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ছাত্রদলের কমিটি গঠন করায় সংগঠনের নেতা-কর্মীদের একটি বড় অংশ দলীয় কর্মকাণ্ড থেকে বিরত থাকছেন। ফলে ক্যাম্পাসে ছাত্রদলের অস্তিত্ব সঙ্কটের আশঙ্কা দেখা দিয়েছে। এদিকে অছাত্রদের মূল নেতৃত্বে এনে কমিটি গঠনের খবর একাধিক জাতীয় পত্রিকায় প্রকাশিত হলে কমিটি গঠন করতে আসা কেন্দ্রীয় নেতারা চাপের মুখে পড়েছেন। এ নিয়ে বিএনপির প্রথম যুগ্ম মহাসচিব তারেক রহমান ক্ষুব্ধ প্রতিক্রিয়া ব্যক্ত করায় কেন্দ্রীয় নেতাদের মধ্যে তোলপাড় শুরু হয়েছে। নবগঠিত কমিটির সভাপতি ও সাধারণ সম্পাদক প্রকৃতই অছাত্র-ব্যবসায়ী কিনা তা তদন্তের নির্দেশ দিয়েছে দলীয় হাইকমান্ড। খবর সংশ্লিষ্ট নির্ভরযোগ্য সূত্রের।

সূত্রমতে, বর্তমান কমিটি গঠন করতে তারেক রহমানকে আশ্বস্ত করার জন্য 'আইওয়াশ' হিসেবে নামমাত্র ভোট গ্রহণ করা হয়েছে এবং কমিটি গঠন করতে আসা কেন্দ্রীয় নেতারা কোন এক রহস্যময় কারণে নিজেদের পছন্দ করা নেতা নির্বাচনের জন্য অস্বচ্ছভাবে ভোট গ্রহণ করেছেন মর্মে দলীয় হাই কমান্ডের কাছে বুধবার লিখিত অভিযোগ দায়ের করেছেন নেতা-কর্মীরা। নবগঠিত কমিটির সভাপতি ও সাধারণ সম্পাদকের ছাত্রত্বের বিষয়টি তদন্ত করে সত্যতা মিললে এ কমিটি বাতিল করারও দাবি জানানো হয় লিখিত অভিযোগে।

সংশ্লিষ্ট সূত্রমতে, কমিটি গঠনের দিন রাতে সার্কিট হাউসে কোন কাউন্সিলর যাতে কেন্দ্রীয় নেতাদের সিদ্ধান্তের বিরোধিতা করতে না পারে সে লক্ষ্যে রাত ৯টায় কৌশলে সেনাসদস্যদের আনানো হয়। রাত ১টায় কমিটি ঘোষণা করার আগ পর্যন্ত সেনাসদস্যরা সার্কিট হাউস ঘিরে অবস্থান করলেও এ সময়ের মধ্যে সেখানে কোন তল্লাশি চালায়নি। এমনকি কাউকে গ্রেফতারও করেনি।